



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ক্রেডিট বিভাগ

ই-মেইলঃ dgmsme@krishibank.org.bd



নং-বিকেবি-প্রকা-ক্রেঃবিঃ(শাখা-৪)-এসএমই-৭(৮)/করোনা/২০২০-২১/ ৭৪৯(২২০০)

তারিখঃ ২৪/০৯/২০২০

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপ- মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে প্রণোদনা প্যাকেজের আওতায় সিএমএসএমই (CMSME) খাতে প্রদত্ত ঋণ/বিনিয়োগ সুবিধা মনিটরিং প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-৯ তারিখঃ ২১/০৯/২০২০ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। এসএমইএসপিডি সার্কুলার নং-১ তারিখঃ ১৩/০৪/২০২০ এর মাধ্যমে প্রতিটি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে আলোচ্য প্যাকেজের আওতায় অনুমোদিত ও বিতরণকৃত চলতি মূলধন ঋণ/বিনিয়োগের তথ্যাদি এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-৫ তারিখঃ ২২/০৬/২০২০ মোতাবেক পাঙ্কিক ভিত্তিতে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়েছিল।

০৩। এক্ষেত্রে, নির্ধারিত সময়সীমার মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী আলোচ্য প্রণোদনা প্যাকেজ বাস্তবায়নের অগ্রগতি আরও নিবিড়ভাবে তদারকী এবং ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক এতদসংক্রান্ত তথ্যাদি বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টে প্রেরণের লক্ষ্যে প্রণোদনা প্যাকেজের আওতায় সিএমএসএমই খাতে অনুমোদন ও বিতরণকৃত ঋণ/বিনিয়োগ এর তথ্যাদি বাংলাদেশ ব্যাংকে দাখিলের বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয়েছেঃ

- ক) সংযোজনী 'খ' মোতাবেক ঋণ/বিনিয়োগ বিতরণ সংক্রান্ত "Summary Report" সপ্তাহান্তে পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করতে হবে ;
- খ) সংযোজনী 'গ' ও 'ঘ' মোতাবেক ঋণ/বিনিয়োগ অনুমোদন ও বিতরণ সংক্রান্ত বিস্তারিত মাসিক বিবরণী পরবর্তী মাসের ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করতে হবে।

০৪। এমতাবস্থায়, আলোচ্য প্যাকেজের আওতায় অনুমোদিত ও বিতরণকৃত চলতি মূলধন ঋণ/বিনিয়োগের তথ্যাদি সংযোজনী 'খ' মোতাবেক বাংলাদেশ ব্যাংকে প্রেরণের লক্ষ্যে সপ্তাহান্তে পরবর্তী ০২(দুই) কর্মদিবসের মধ্যে অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। সংযোজনী 'গ' ও 'ঘ' মোতাবেক ঋণ/বিনিয়োগ অনুমোদন ও বিতরণ সংক্রান্ত বিস্তারিত মাসিক বিবরণী বাংলাদেশ ব্যাংকে নির্ধারিত সময়ে প্রেরণের লক্ষ্যে পরবর্তী মাসের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। এছাড়া পুনঃঅর্থায়ন ও সুদ ভূর্তকী সংক্রান্ত প্রতিবেদন পূর্বের ন্যায় প্রেরণ অব্যাহত রাখতে হবে। এ বিষয়ে কোনরূপ অস্পষ্টতা পরিলক্ষিত হলে অত্র বিভাগের উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা জনাব মুহাম্মদ মোশাররফ হোসেন, মোবাইল নং-০১৯১৬-২০১০৯৮ এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)

সহকারী মহাব্যবস্থাপক

(বিভাগীয় দায়িত্বে)


ফোনঃ ৯৫৫০৪০৩

নং-বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-৪)-এসএমই-৭(৮)/করোনা/২০২০-২১/ ৭৪৯(২২০০)

তারিখঃ ২৪/০৯/২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করানি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।


(মোঃ নাজমুল করিম চৌধুরী)
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৯

০৬ আশ্বিন ১৪২৭
তারিখ: -----
২১ সেপ্টেম্বর ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে প্রণোদনা প্যাকেজের আওতায়
সিএমএসএমই (CMSME) খাতে প্রদত্ত ঋণ/বিনিয়োগ সুবিধা মনিটরিং প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে এসএমইএসপিডি সার্কুলার নং-১ তারিখঃ ১৩/০৪/২০২০, এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১ তারিখঃ ৩০/০৪/২০২০ এবং এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-৫ তারিখঃ ২২/০৬/২০২০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। প্রথমোক্ত সার্কুলারের মাধ্যমে প্রতিটি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে আলোচ্য প্যাকেজের আওতায় অনুমোদিত ও বিতরণকৃত চলতি মূলধন ঋণ/বিনিয়োগের বিষয়ে সংযোজনী-২ এবং ২ (ক ও খ) এ প্রদত্ত ছক অনুযায়ী এবং দ্বিতীয়োক্ত সার্কুলার লেটারের মাধ্যমে এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০ এর সাথে প্রদত্ত সংযোজনী ২ এবং সংশোধিত সংযোজনী-২ (ক ও খ) অনুযায়ী তথ্য প্রেরণ এবং তৃতীয়োক্ত সার্কুলার লেটারের মাধ্যমে ঋণ/বিনিয়োগ অনুমোদন ও বিতরণ সম্পর্কিত তথ্যাদি মাসিক ভিত্তির পরিবর্তে পাক্ষিক ভিত্তিতে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়েছিল।

০৩। এক্ষেপে, নির্ধারিত সময়সীমার মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী আলোচ্য প্রণোদনা প্যাকেজ বাস্তবায়নের অগ্রগতি আরও নিবিড়ভাবে তদারকী এবং ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক এতদসংক্রান্ত তথ্যাদি বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টে প্রেরণের লক্ষ্য এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, প্রণোদনা প্যাকেজের আওতায় সিএমএসএমই খাতে অনুমোদন ও বিতরণকৃত ঋণ/বিনিয়োগ এর তথ্যাদি বাংলাদেশ ব্যাংকে দাখিলের বিষয়ে উল্লিখিত সার্কুলার/সার্কুলার লেটারসমূহের মাধ্যমে ইতঃপূর্বে প্রদত্ত নির্দেশনা বাতিলপূর্বক নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো :

ক) সংযোজনী ‘খ’ মোতাবেক ঋণ/বিনিয়োগ বিতরণ সংক্রান্ত “Summary Report” সপ্তাহান্তে পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ফোকাল পয়েন্ট কর্মকর্তার ইমেইলে (md.arifuzzaman@bb.org.bd) প্রেরণ করা; এবং

খ) সংযোজনী ‘গ’ ও ‘ঘ’ মোতাবেক ঋণ/বিনিয়োগ অনুমোদন ও বিতরণ সংক্রান্ত বিস্তারিত মাসিক বিবরণীর (Summary Report সহ) সফট কপি (সিডি আকারে) ফোকাল পয়েন্ট বরাবর পরবর্তী মাসের ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে প্রেরণ করা।

৪। উক্ত সার্কুলার/সার্কুলার লেটারসমূহে বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ সার্কুলার লেটার জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

সংযোজনী : বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,

(হুসনে আরা শিখা)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০৫০২

Stimulus Package for COVID-19 : Summary Statement

Bank/NBFI :

Reporting Date (DDMMYY) :

to

SL	Particulars for this Fortnight	No	Amount (TK)
1	Total Application Received		
2	Total Approved Loan/Investment		
3	Total Disbursement		
4	Total Disbursement for Women Entrepreneur		
5	Total Disbursement in Rural Areas		
6	Cumulative Disbursement Upto this reporting period		

Signature of the responsible officer		
Name	:	
Designation	:	
ID number	:	
Contact No.	:	
Office phone	:	
Cell	:	
Email	:	

